

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা),  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৯১.২৪.৪২৮

**বিষয়: এনডব্লিউ আরএমজি লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।**


সূত্র: আবেদনপত্র নং- ৯২৬, তারিখঃ ২৩/০৯/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এনডব্লিউ আরএমজি লিমিটেড, অফিস: বাড়ী নং-৫০০ (১ম তলা), রোড নং-০৭, এডিনিউ-০৩, মিরপুর, ডিওএইচএস, পল্লবী, ঢাকা ও কারখানাঃ প্লট নং-৬,৮ (২য় ও তয় তলা, রোড নং-০১, সেকশন নং-০৭, মিরপুর শিল্প এলাকা, পল্লবী, ঢাকা নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/০০১০৫১-২২, তারিখঃ ০৭/১১/২০২২ খ্রিঃ ও শিল্প উপ-খাতঃ তৈরি পোশাক (নীট ও ওভেন)। প্রতিষ্ঠানটির শিল্প আইআরসি নং-২৬০৩২৬১২০৫৩২২২৪ জারী করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক শিল্প আইআরসি এর সুবিধার বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করতে না পারায় বস্ত্র অধিদপ্তরে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের জন্য আবেদন জানিয়েছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষার পর বস্ত্র শিল্প কারখানাটির অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর বিধি বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে। কারখানাটির অনুকূলে নির্মোক্তভাবে আমদানি স্বত্ব নির্ধারণ করে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হলো।

| ক্র: নং | শিল্প উপখাত               | আমদানিযোগ্য পণ্যের এইচ এস কোড | ষাণ্মাসিক আমদানি স্বত্ব                          | বার্ষিক আমদানি স্বত্ব                 |
|---------|---------------------------|-------------------------------|--|---------------------------------------|
| ১       | “তৈরি পোশাক (নীট ও ওভেন)” | তালিকা সংযুক্ত                | ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র। | ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা মাত্র। |

উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এনডব্লিউ আরএমজি লিমিটেড, নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, অত্র সুপারিশপত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।



৩০-০৯-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

